



Dr. Nikolai P. Vitti
Superintendent of Schools

Fisher Building • 3011 West Grand Blvd., 14th Floor • Detroit, MI 48202
O (313) 873-7922 • nikolai.vitti@detroitk12.org

detroitk12.org

মঙ্গলবার, সেপ্টেম্বর ৪, ২০১৮

প্রিয় ডিপিএসসিডি পরিবারবৃন্দ:

আমি এই সুযোগ গ্রহণ করে আপনাদের ডিস্ট্রিক্টের সুপেয় পানির পরিস্থিতি পুনরায় ব্যাখ্যা করতে চাই। আপনারা জানেন যে, আমাদের সন্তানদের নিরাপত্তার চেয়ে বড় আর কিছু নেই। ফেডারেল, স্টেট বা স্থানীয় পর্যায়ে আমাদের পানি পরীক্ষা করার বাধ্যবাধকতা না থাকলেও, আমরা আমাদের সকল স্কুলে এবং ড্রিংকিং ফাউন্টেন এবং সিংকসহ সকল পানির উৎসে পানি পরীক্ষার উদ্যোগ নিয়েছি। আমি স্পষ্টভাবে বলতে চাই যে, দেশ, স্টেট এবং সিটির প্রায় সকল স্কুলই এই স্তরের পর্যালোচনা করে না। তবে আমরা করেছি, কারণ আমাদের শিক্ষার্থী এবং কর্মচারীদের জন্য একটি ঠিক বলে আমরা মনে করি। আমি আশা করি আগামী মাস এবং বছরগুলোতে সকল স্কুলই আমাদের পথ অনুসরণ করবে।

যদিও ২০১৬'র এবং ২০১৭'র বসন্তের শেষ দিকের এবং এমনকি সাম্প্রতিক এক সপ্তাহ পূর্বের পরীক্ষার ফলাফল দেখায় যে, ৫০টি স্কুলের প্রায় ৩৪টি স্কুলে বিচ্ছিন্নভাবে (অর্থাৎ পানির সকল উৎসের নয়) তামা এবং/সীসার বাড়তি মাত্রার প্রমাণ পাওয়া গেছে, তাই আমরা সকল স্কুলে সুপেয় পানি বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছি, যে পর্যন্ত পানির পরীক্ষার সকল ফলাফল পাওয়া না যাচ্ছে। আমরা অপেক্ষমাণ ফলাফলগুলো আগামী মাসের মধ্যে পেতে যেতে পারি। এই সময়ের জন্য প্রতিটি স্কুলের শিক্ষার্থীর সংখ্যার উপর ভিত্তি করে স্কুলগুলোতে ওয়াটার কুলার দেওয়া হবে। তবে এই পানি হাত ধোওয়া এবং টয়লেটে ব্যবহারের জন্য এখনও নিরাপদ। বাথরুমগুলোতে “সুপেয় পানি নয়” চিহ্ন ঝুলিয়ে দেওয়া হবে। দুর্ভাগ্যবশত, বছরের পর বছর, আমরা আমাদের কিচেনগুলো সীমিতভাবে শুধু খাবার গরম করার জন্য ব্যবহার করেছি, পুরোপুরি রান্নার জন্য ব্যবহার করি নাই, তাই এই সিদ্ধান্ত শিক্ষার্থীদের খাদ্য পরিষেবাকে ক্ষতিগ্রস্ত করবে না।

আমাদের এই চ্যালেঞ্জের বিপরীতে কোনো দ্রুত সমাধান নেই, যদিও ড্রিংকিং ফাউন্টেন বা সিংক যন্ত্রপাতি পরিবর্তন করার মতামত পাওয়া গেছে; এবং আমাদের প্লাস্টিক অবকাঠামোর সম্পূর্ণ ওভারহল করা আমাদের বর্তমান রিসোর্স দিয়ে সম্পন্ন করা আর্থিকভাবে যুক্তিসঙ্গত নয়। আমাদের এই চ্যালেঞ্জের মূল্যায়নের জন্য আমি ইঞ্জিনিয়ার এবং ডাক্তারদের একটি দলকে একসাথে নিয়ে আসবো। আমরা সম্ভাব্য একটি দীর্ঘমেয়াদী সমাধান বেছে নেবো যেটিতে আমরা আমাদের স্কুলগুলোতে উন্নত পাইপিং, শক্তিশালী কুলিং, এবং ফিল্টার ব্যবস্থা, সে সাথে বারংবার পানির পরীক্ষার ব্যবস্থাসহ নতুন ওয়াটার স্টেশন স্থাপন করবো।

এই সময়ের মধ্যে, লেখাপড়া থেকে আপনার সন্তানের মনযোগ ত্রুটির অতীত বা বর্তমান সম্ভাব্য কারণ আমরা অপসারণ করেছি। আমরা আগামী সপ্তাহগুলোতে বিদ্যমান প্রশ্ন এবং সমস্যাগুলোর সমাধানের প্রত্যায় সিটিব্যাপী কমিউনিটি সভার ঘোষণা করব। পানি পরীক্ষার ফলাফল এবং পানির মান সংক্রান্ত অন্যান্য জনপ্রিয় প্রশ্নের উত্তর দেখার জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট দেখুন <http://detroitk12.org/drinking-water/>.

বিনীত,

নিকোলাই পি. ভিটি, এড.ডি.

সুপারিনটেনডেন্ট

ডেপুটি পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্ট

Students Rise. We all Rise

DPSCD does not discriminate based on race, color, national origin, sex, disability and/or religion
Contact Compliance for more information at (313) 240-4377 or detroitk12.org/admin/compliance.